

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়
চাঁপাইনবাবগঞ্জ
(জুডিসিয়াল মুন্সিখানা)
www.chapainawabganj.gov.bd

স্মারক-০৫.৪৩.৭০০০.০১২.০৯.০০৫.২৪. ০৫

তারিখ : ২৭ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
০১ জানুয়ারি ২০২৫ খ্রিষ্টাব্দ

গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ০৩.০৮.২০১৬ তারিখের ৪৪.০০.০০০০.০৭৭.৩৯.০০১.১৫-৮২৬ নং স্মারকে জারীকৃত আয়েয়াপত্রের লাইসেন্স প্রদান, নবায়ন ও ব্যবহার নীতিমালা, ২০১৬ এর ৩১ (খ) নং অনুচ্ছেদের আলোকে চাঁপাইনবাবগঞ্জ জেলা ম্যাজিস্ট্রেট হতে ইস্যুকৃত সকল প্রকার বৈধ আয়েয়াপত্রের লাইসেন্স নবায়নের সময়সীমা আগামী ৩১ জানুয়ারি, ২০২৫ তারিখ পর্যন্ত বর্ধিত করা হলো।

উক্ত আয়েয়াপত্রের লাইসেন্স নবায়ন করার জন্য জেলা ম্যাজিস্ট্রেট, চাঁপাইনবাবগঞ্জ এর পক্ষে লাইসেন্স নবায়নকারী কর্মকর্তা হিসেবে সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, জুডিসিয়াল মুন্সিখানা শাখার ভারপ্রাপ্ত কর্মকর্তা দায়িত্ব পালন করবেন। উক্ত কর্মকর্তা প্রশাসনিক কাজে ব্যস্ত থাকলে তাঁর প্রতিকল্প কর্মকর্তাগণ অথবা এ কার্যালয়ের যেকোনো শাখায় নিয়োজিত এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট নবায়ন কার্যক্রম সম্পাদন করবেন।

স্বাক্ষরিত/-

(মোঃ আব্দুস সামাদ)
জেলা ম্যাজিস্ট্রেট
চাঁপাইনবাবগঞ্জ

ফোন: ০২৫৮৮৮৯৩৩০০ (অফিস)

ইমেইল dchchapainawabganj@mopa.gov.bd

স্মারক-০৫.৪৩.৭০০০.০১২.০৯.০০৫.২৪. ০৫

তারিখ : ২৭ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
০১ জানুয়ারি ২০২৫ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

০২. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী

০৩. বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, (সকল)

০৪. পুলিশ সুপার, চাঁপাইনবাবগঞ্জ

০৫. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, শিক্ষা ও আইসিটি/ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, চাঁপাইনবাবগঞ্জ

০৬. উপজেলা নির্বাহী অফিসার, চাঁপাইনবাবগঞ্জ সদর/শিবগঞ্জ/নাচোল/গোমস্তাপুর/ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ

০৭. সহকারী কমিশনার, জুডিসিয়াল মুন্সিখানা, জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ

০৮. অফিসার ইন চার্জ, চাঁপাইনবাবগঞ্জ সদর/শিবগঞ্জ/নাচোল/গোমস্তাপুর/ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ

০৯. জেলা আইসিটি অফিসার, চাঁপাইনবাবগঞ্জ। বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসনের ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো

১০. জেলা প্রশাসকের গোপনীয় সহকারী (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)

জেলা ম্যাজিস্ট্রেট

চাঁপাইনবাবগঞ্জ